

দিনাজপুর শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায় এবার সাড়ে ৪৭ হাজার শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। এর মধ্যে ইংরেজিতে অকৃতকার্য হয়েছে সাড়ে ৩৯ হাজার শিক্ষার্থী। অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকের অভাবে ইংরেজিতে এই ফল বিপর্যয় ঘটেছে বলে জানিয়েছেন দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. তোফাজ্জুর রহমান।

সূত্র মতে, দিনাজপুর শিক্ষা বোর্ডে এবার এইচএসসি পরীক্ষায় এক লাখ ১৯ হাজার ৫০৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৭১ হাজার ৯৫১ জন শিক্ষার্থী পাস করে।

এ বিষয়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. তোফাজ্জুর রহমান জানান, এবার এইচএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা হয়নি। সব শিক্ষা বোর্ড মিলে দুটি সেটে পরীক্ষা অনুষ্ঠিত হয়। দিনাজপুর শিক্ষা বোর্ডের প্রশ্নপত্রের সেট একটু কঠিন ছিল। তা ছাড়া দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ৬৫৩টি কলেজ রয়েছে। যে কলেজগুলোতে ইংরেজি শিক্ষকদের অভিজ্ঞতা ও দক্ষতার অভাব রয়েছে। তাঁরা সঠিকভাবে শিক্ষার্থীদের শিক্ষা দিতে পারেননি। এ কারণে ইংরেজিতে পাসের হার কম।

এ বিষয়ে কোনো ব্যবস্থা নেওয়া হবে কি না, জানতে চাইলে তিনি বলেন, ‘অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। তা ছাড়া প্রয়োজনে শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। ফলাফলের এই অবস্থা গ্রহণযোগ্য নয়। যদিও এবার যারা পাস করেছে, তারা যোগ্যতাসম্পন্ন।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএআর : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)